DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:53 PM

জাতীয়

# মাছ চাষে নতুন প্রযুক্তি, বাংলাদেশে বিনিয়োগে আগ্রহ নরওয়ের

**প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৩ আগস্ট ২০২৬, ০৯:২৫ PM



বাংলাদেশের মৎস্য খাতে আধুনিক প্রযুক্তি ও বিনিয়োগের সম্ভাবনা নিয়ে নরওয়ের সঙ্গে নতুন করে আলোচনা হয়েছে। স্থলভিত্তিক আধুনিক মৎস্যচাষ পদ্ধতি বাংলাদেশে চালুর পাশাপাশি প্রযুক্তি হস্তান্তর ও বিনিয়োগের সুযোগ খতিয়ে দেখতে আগ্রহ প্রকাশ করেছে দেশটি।

মঙ্গলবার (১১ আগস্ট) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুর সঙ্গে বৈঠক করেন বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্ডসেন। বৈঠকে নরওয়ের আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি, বিনিয়োগ ও জ্ঞান হস্তান্তরের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়।

বৈঠকে নরওয়ের মৎস্য প্রযুক্তি প্রতিষ্ঠান নোরাস ওয়াটারটেক এএসের আঞ্চলিক প্রতিনিধি অ্যাজাইল রিসোর্সেসের মাধ্যমে আধুনিক স্থলভিত্তিক মৎস্যচাষ পদ্ধতি উপস্থাপন করা হয়। এ প্রযুক্তির মাধ্যমে সীমিত জায়গায় নিয়ন্ত্রিত পরিবেশে মাছ উৎপাদনের সুযোগ রয়েছে বলে সংশ্লিষ্টরা জানান।

নরওয়ের রাষ্ট্রদূত বৈঠকে বাংলাদেশের মৎস্য খাতে বিনিয়োগ এবং আধুনিক প্রযুক্তির জ্ঞান হস্তান্তরের সুযোগ ও সম্ভাবনা অন্বেষণের আগ্রহের

কথা জানান।

এ সময় গ্যালাক্সের প্রধান নির্বাহী কর্মকর্তা কবীর আহমেদ ভূঁইয়া, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ড. খালেদ কনক, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব বেবি রানী কর্মকার, নরওয়েজিয়ান দূতাবাসের ডেপুটি হেড অব মিশন আলেকজান্ডার ফাল্ক-বিল্ডেন, অ্যাজাইল রিসোর্সেসের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা কামরুজ্জামান খান সোহেল উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা মনে করছেন, নরওয়ের আধুনিক প্রযুক্তি ও বিনিয়োগ বাংলাদেশের মৎস্য খাতে উৎপাদনশীলতা বাড়ানোর পাশাপাশি পরিবেশবান্ধব ও টেকসই মাছ চাষের নতুন সম্ভাবনা তৈরি করতে পারে।

---

## এ বিভাগের আরও খবর




**গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী**
গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




**ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী**
ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...



### সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




### আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/machh-chashe-ntun-prjukti-bangladeshe-biniyoge-agrh-nroyer